ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



DL- No.-03 /Date:29/02/2025 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ১৪২ ● কলকাতা ● ১২ জ্যৈষ্ঠ, ১৪৩২ ● মঙ্গলবার ● ২৭ মে ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## জঙ্গি নেতাদের সঙ্গে বৈঠকে ইউনূস



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

বাংলাদেশে সম্প্রতি যে রাজনৈতিক অচলাবস্থা তৈরি হয়েছে তার জন্য সরাসরি দিল্লিকেই কাঠগড়ায় তুলেছেন তদারকি সরকারের প্রান উপদেষ্টা মোল্লা মুহাম্মদ ইউনূস। সেই সঙ্গে মোদি সরকারকে সবক শেখাতে জঙ্গি নেতাদের দ্বারস্থ হয়েছেন। গতকাল রবিবার (২৫ মে) রাতে 'যমুনা' অতিথিশালায় হিন্দু ও ভারত বিদ্বেষী কমপক্ষে দশটি কট্টর মৌলবাদী ও জঙ্গি

এরপর ৩ পৃষ্ঠায়


## চাকরিহারা শিক্ষকরা দিল্লী যাওয়ার হুশিয়ারী দিলেন




**বেবি চক্রবর্তী : কলকাতা**

চাকরিহারা শিক্ষকদের পাশে থাকার আশ্বাস সবসময় দিয়েছে সরকার। শিক্ষামন্ত্রী থেকে মুখ্যমন্ত্রী সকলেই আশ্বাস দিয়েছেন। তারপরেও নিজেদের অবস্থানে অনড় চাকরিহারা শিক্ষকরা। চাকরিহারাদের কথা মেনে সোমবার তাঁদের সঙ্গে বৈঠক করতে রাজি হয়েছিল সরকার। বিকাশ ভবনে শিক্ষাসচিবের সঙ্গে দেড়ঘণ্টার বৈঠক হয়।বৈঠকের পর সাংবাদিক সম্মেলন করে তাঁরা বলেছেন, রায় পুনর্বিবেচনার জন্য রিভিউ পিটিশনের খসড়া তৈরি করা হয়েছে। রিভিউ পিটিশনের খসরায় সন্তুষ্ট চাকরিহারারা। কিন্তু সম্পূর্ণ সন্তুষ্ট হতে পারেননি তাঁরা। চাকরিতে ফেরানো হোক। নতুন করে তাঁরা পরীক্ষা দিতে নারাজ। পাশাপাশি আন্দোলনকে দিল্লিমুখী করারও হুঁশিয়ারি দিয়েছেন চাকরিহারারা। রবিবার শিক্ষামন্ত্রী আশ্বাস দিয়েছিলেন সোমবার

এরপর ৩ পাতায়






# বাংলার ভোটে কমিশনকে 'বিশেষ দাওয়াই' দেওয়ার আর্জি শুভেন্দুর




**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

ফের একবার বাংলায় রাষ্ট্রপতি শাসন জারি করে নির্বাচন করানোর দাবি তুললেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তবে এবার সেই দাবির সঙ্গে জুড়ে দিলেন 'বিশেষ দাওয়াই'য়ের কথা। শুভেন্দু বলেন, 'বাংলার পরিবেশ অন্য রকম, এখানে বিশেষ দাওয়াই লাগবে।'রাষ্ট্রপতির হস্তক্ষেপের পাশাপাশি নির্বাচন কমিশনকে বাংলায় 'বিশেষ দাওয়াই' দেওয়ার কথাও বলেন শুভেন্দু। তাঁর দাবি, 'বাংলার পরিবেশ অন্য রকম, এখানে বিশেষ দাওয়াই লাগবে। নির্বাচন কমিশনের হাতেই সেই ক্ষমতা আছে। ২০১১ সালে কমিশন ভোট করিয়েছিল। সিপিএমের একটা গুন্ডাকেও বাড়ি থেকে বেরতে দেয়নি। ওই রকম নির্বাচন আবার হলে তৃণমূলের ফেরা কঠিন।'সেই ব্যাখ্যাও খানিকটা দিয়েছেন শুভেন্দু। রবিবার ভাটপাড়ায় অপারেশন সিঁদুরের সাফল্য ও সেনার সাহসিকতার প্রতি শ্রদ্ধা জানিয়ে মিছিল বের করেছিল বঙ্গ বিজেপি। মিছিলের প্রথম সারিতে ছিলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, তাপস রায়, অর্জুন সিং ও কৌস্তভ বাগচী।

বছর ঘুরলেই বাংলায় নির্বাচন। আর তার আগে আত্মবিশ্বাসী শুভেন্দু। বাংলা নির্বাচন হলে তৃণমূলের হার হবে বলেই মনে করেন তিনি। বিরোধী দলনেতা বলেন, 'পঞ্জাবে কংগ্রেসের যে অবস্থা হয়েছে। বাংলায় তা তৃণমূলের হবে, যদি ভোট হয়।' এরপরেই তাঁর অভিযোগ, 'বাংলায় এমন ৬০-৭০টা আসন রয়েছে যেখানে ভোটই হয় না। নির্বাচন কমিশনকে বলব ওই দুই মাসের জন্য রাষ্ট্রপতি শাসন জারি করে ভোট করাক।'

এই রাষ্ট্রপতি শাসন জারি করে নির্বাচনের পক্ষে সওয়াল শুভেন্দুর কাছে প্রথম নয়। বঙ্গ বিজেপির উত্থানের পর থেকেই নানা সময়ে রাষ্ট্রপতি শাসন জারি করার দাবি শোনা গিয়েছে। সামনেই বিধানসভা নির্বাচন। সুতরাং, তার আগে স্বাভাবিক ছন্দে এই দাবি ফের একবার মাথা চাড়া দিয়ে উঠবে বলেই মনে করছে ওয়াকিবহাল মহল।

## আমানাহ ফাউন্ডেশনের নতুন অফিস উদ্বোধন




**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

আমানাহ ফাউন্ডেশন কলকাতার ৩০/২ ফজলুল হক সরণিতে তার নতুন অফিস উদ্বোধন করেছে। জানানো হয় যে, আমানাহ ফাউন্ডেশনের লক্ষ্য হলো সকল অভাবী মানুষকে সর্বোচ্চ সাহায্য প্রদান করা। আমানাহ ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা ও সভাপতি রাবিয়া খান এবং সচিব ফাহাদ কোরাদিয়া বলেন, আমরা শুরু

এরপর ৬ পাতায়

# ৫২ লক্ষ টাকার সোনার বিস্কুট উদ্ধার মুর্শিদাবাদে

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

**ডোমকল:** বাংলাদেশ থেকে সীমান্ত পেরিয়ে সোনা পাচার হয়ে আসছিল। সেই পাচারের কথা গোপন সূত্রে পুলিশের কাছে যায়। তল্লাশি অভিযান চালিয়ে পুলিশ তিনটি সোনার বিস্কুট উদ্ধার করেছে। গ্রেপ্তার এক যুবক। ধৃতের নাম মিলন শেখ। চাঞ্চল্যকর ঘটনাটি ঘটেছে মুর্শিদাবাদের সাগরপাড়ার নওদাপাড়া ব্রিজ মোড় এলাকায়।জানা গিয়েছে, ওই তিনটি সোনার বিস্কুটের মোট ওজন ৫২৩ গ্রাম। যার আনুমানিক বাজারদর প্রায় ৫২ লক্ষ টাকা। প্রাথমিকভাবে জেরায় পুলিশ জানতে পেরেছে মিলন শেখের বাড়ি মুর্শিদাবাদের চরকাকমারি এলাকায়। তার হাত দিয়ে ওই সোনার বিস্কুট পাচার



হচ্ছিল। টাকার বিনিময়ে সে এই কাজ করে থাকে। সেগুলি সীমান্ত পেরিয়ে বাংলাদেশ থেকে এই রাজ্যে ঢুকেছিল বলে খবর। আজ সোমবার ধৃতকে বহরমপুর আদালতে তোলা হয়। ধৃতকে ৭ দিনের পুলিশ হেফাজতে রাখার আবেদন পুলিশের তরফে জানানো হয়। বিচারক ধৃতকে পাঁচদিনের পুলিশ হেফাজতে রাখার নির্দেশ দিয়েছেন। এই সোনা কার কাছে পাচার হচ্ছিল? চক্রে আর কারা জড়িত আছে? সেই বিষয়ে তথ্য পাওয়ার চেষ্টা করছে পুলিশ। সীমান্ত এলাকায় এখন অনেক বেশি কড়া নজরদারি চলছে। আরও নজরদারি বাড়বে বলে প্রশাসনের তরফে জানানো হয়েছে।পুলিশ সূত্রে জানা গিয়েছে, গতকাল গভীর রাতে ওই সোনার বিস্কুট পাচার হচ্ছিল। সাগরপাড়া থানার পুলিশ সেই খবর পেয়ে অভিযান চালায়। নওদাপাড়া ব্রিজ মোড় এলাকায় ওই যুবককে পাকড়াও করা হয়। প্রাথমিক জিজ্ঞাসাবাদে তার কথায় নানা অসঙ্গতি ধরা পড়ে। এরপর তল্লাশি চালাতেই তার থেকে বেরিয়ে পড়ে তিনটি সোনার বিস্কুট। সেগুলির কোনও বৈধ কাগজপত্রও পাওয়া যায়নি। এরপর ওই যুবককে বমাল গ্রেপ্তার করা হয়।






(১ম পাতার পর)

# জঙ্গি নেতাদের সঙ্গে বৈঠকে ইউনূস

সংগঠনের শীর্ষ নেতাদের সঙ্গে বৈঠক করেছেন।

বৈঠক শেষে চরমোনাইয়ের পীর রেজাউল করিম সাংবাদিকদর বলেন, 'প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূস বৈঠকে বলেছেন, বাংলাদেশকে ধ্বংসের ষড়যন্ত্র চালাচ্ছে দিল্লির মোদি সরকার। ওই ষড়যন্ত্রের যোগ্য জবাব দিতে হবে। আমরা জানিয়ে দিয়েছি, মোদি সরকার শুধু বাংলাদেশের শত্রু নয়, মুসলিমদেরও শত্রু। ফলে ধর্মপ্রাণ মুসলিম হিসাবে আমরা নিজেদের জীবন বলিদান দেব। ভারতের সঙ্গে চোখে চোখ রেখে লড়াই করব। যেমনটা সম্প্রতি করেছেন পাকিস্তানিরা।'

সূত্রের খবর, বৈঠকে হাজির জঙ্গি সংগঠনের নেতাদের ভারত বিদ্বেষ ছড়ানোর নির্দেশ দেওয়া হয়েছে। সেই সঙ্গে হিন্দুদের উপরে ফের নির্যাতন চালাতেও বলা হয়েছে। হিন্দুরা যাতে ভয় পেয়ে দেশ ছাড়তে বাধ্য হয়, সেই ব্যবস্থা নেওয়ারও পরামর্শ দেওয়া হয়েছে। ইউনূসের সঙ্গে বৈঠকে অংশ নেওয়া অন্তত পাঁচ জঙ্গি নেতার বিরুদ্ধে ভারতে নাশকতা চালানোর অভিযোগ রয়েছে। আর একজনের বিরুদ্ধে সম্প্রতি ওয়াকফ আন্দোলনকে কেন্দ্র করে পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদে যে সাম্প্রদায়িক দাঙ্গা সংগঠিত হয়েছিল তাতে সরাসরি ইন্ধন জোগানোর অভিযোগ উঠেছে।

রাজনৈতিক পর্যবেক্ষকদের মতে, বিতর্কিত ও জঙ্গি কার্যকলাপে জড়িত থাকায় অভিযুক্ত সংগঠনের নেতাদের সঙ্গে ইউনূসের বৈঠক অশনিসঙ্কেত। শেখ হাসিনা জমানায় গত ১৫ বছরে মৌলবাদী ও জঙ্গিদের শিরদাঁড়া ভেঙে দেওয়া হয়েছিল। কার্যত নাশকতামূলক কার্যকলাপ শূন্যে নিয়ে আসা সম্ভব হয়েছিল। মোল্লা ইউনূস দদেশে জঙ্গিবাদ ও মৌলবাদকে যে রাজনৈতিক অক্সিজেন জোগাতে চাইছেন, রবিবারের বৈঠক তার বড় প্রমাণ। প্রসঙ্গত গত ৮ অগস্ট তদারকি সরকারের প্রধান হিসাবে দায়িত্ব নেওয়ার পরে হিযবুত তাহরীর, আনসারুল্লাহ বাংলা টিম, হরকাতুল জিহাদ-বাংলাদেশ সহ ২১টি নিষিদ্ধ জঙ্গি সংগঠনের উপর থেকে নিষেধাজ্ঞা তুলে নিয়েছিলেন ইউনূস। শুধু তাই নয়, নাশকতা তথা নানা মামলায় জেলে বন্দি সাড়ে সাত হাজার জঙ্গির বিরুদ্ধে মামলা প্রত্যাহার করে নিয়ে তাদের মুক্তি দিয়েছিলেন। মুক্তিপ্রাপ্তদের মধ্যে কুখ্যাত জঙ্গি সংগঠন আনসারুল্লাহ বাংলা টিমের প্রধান জসিমুদ্দিন রেহমানিও ছিলেন।

সেনাপ্রধান জেনারেল ওয়াকার উজ জামানের নির্বাচন নিয়ে সময়সীমা বেঁধে দেওয়ায় যথেষ্টই চাপে পড়েছেন ক্ষমতা আঁকড়ে থাকা মোল্লা ইউনূস। গদি বাঁচাতে গত ৪৮ ঘণ্টা ধরে দেশের প্রধান রাজনৈতিক দলগুলির পাশাপাশি জঙ্গি ও মৌলবাদী সংগঠনগুলোর নেতাদেরও দ্বারস্থ হয়েছেন। একমাত্র বিএনপি মোল্লা ইউনূসের পাতা ফাঁদে পা দেয়নি। ফলে বিএনপি ও সেনাপ্রধান ওয়াকার উজ জামানকে একঘরে করতে মুক্তিযুদ্ধ বিরোধী এবং পাকিস্তানপন্থী মৌলবাদী এবং জঙ্গি সংগঠনগুলোকে বেশি করে আঁকড়ে ধরার চেষ্টা চালাচ্ছেন। রবিবার 'যমুনা'য় যে সব জঙ্গি ও মৌলবাদী নেতাদের সঙ্গে বৈঠকে ভারতকে কীভাবে চরম শিক্ষা দেওয়া যায়, তা নিয়ে আলোচনা করেছেন তাদের মধ্যে ছিলেন ইসলামী আন্দোলনের আমির সৈয়দ মুহাম্মদ রেজাউল করিম, বাংলাদেশ খেলাফত মজলিসের আমির মামুনুল হক, ইসলামি বক্তা সাদিকুর রহমান, খেলাফত মজলিসের মহাসচিব আহমদ আবদুল কাদের, হেফাজতে ইসলাম বাংলাদেশের যুগ্ম মহাসচিব আজিজুল হক, জমিয়তে উলামায়ে ইসলাম বাংলাদেশ মহাসচিব মঞ্জুরুল ইসলাম আফেন্দী, বাংলাদেশ নেজামে ইসলাম পার্টির মহাসচিব মুসা বিন ইযহার এবং ইসলামী ঐক্যজোটের মহাসচিব সাখাওয়াত হোসাইন রাজী।

(১ম পাতার পর)

# চাকরিহারা শিক্ষকরা দিল্লী যাওয়ার হুশিয়ারী দিলেন

সরকারের পক্ষ থেকে কেউ যোগোযোগ করবে। সেই মতো বিকাশ ভবনে বৈঠক হয়েছে।

বিকাশ ভবনের সামনে ২০ দিন ধরে বিক্ষোভ দেখাচ্ছেন চাকরিহারা শিক্ষকরা। কলকাতা হাইকোর্ট এই আন্দোলন বিকাশ ভবন থেকে সরিয়ে নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। সেন্ট্রালপার্কে সরিয়ে নেওয়ার কথা বলা হয়েছে। সেই মতো প্রশাসন ইতিমধ্যেই কাজ শুরু করেছে। বসেছে বায়ো টয়লেট। সেন্ট্রালপার্কের পরিস্থিতি দেখা সেখানে সরার ভাবনা রয়েছে বলে জানিয়েছেন চাকরিহারারা।

# অনুষ্কার সঙ্গে অযোধ্যায় বিরাট



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

আধ্যাত্মিকতার সঙ্গে দিন দিন সম্পৃক্ত হচ্ছেন বিরাট কোহলি। অনুষ্কা শর্মা তাঁর জীবনে আসার পর তিনি বেশি আধ্যাত্মিকতায় বিলীন হয়েছেন। এ কথা কোহলি নিজেই অতীতে জানিয়েছেন। টেস্ট ক্রিকেট থেকে অবসর নেওয়ার পর বিরাট কোহলি পৌঁছে গিয়েছিলেন বৃন্দাবনে। সঙ্গে ছিলেন অনুষ্কা শর্মা। বিরুস্কা জুটি পৌঁছে গিয়েছিলেন প্রেমানন্দ মহারাজের আশ্রমে।

এ বার আইপিএলের প্লে অফের আগে বিরাট কোহলি ও অনুষ্কা শর্মা পৌঁছে গেলেন অযোধ্যায়। সেখানে তাঁরা রাম মন্দির ও হনুমান গড়ি মন্দিরে পুজো দিয়েছেন।

সংবাদসংস্থা এএনআইয়ের শেয়ার করা ভিডিয়োতে দেখা গিয়েছে, ভক্তিভরে হাতজোড় করে ঈশ্বরের কাছে প্রার্থনা করছেন বিরাট কোহলি ও অনুষ্কা শর্মা। সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়েছে বিরাট কোহলি ও অনুষ্কা শর্মার রাম মন্দির ও হনুমান গড়ি মন্দিরে পুজো দেওয়ার ছবি ও ভিডিয়ো। তেমনই এক ভিডিয়োতে দেখা যায়, বিরাট ও অনুষ্কার পুজো দেওয়া হলে সেখানকার পুরোহিত তাঁদের গলায় মালা পরিয়ে দেন। শুধু গলাতে মালাই নয়, বিরাট কোহলি ও অনুষ্কা শর্মার কপালে পুজোর পর তিলক কেটে দেন পুরোহিত। পরে তাঁদের হাতে বজরংবলীর একটি মূর্তি তুলে দেন মন্দিরের দুই পুজারী।

# সম্পাদকীয়

## গুপ্তচরের অভিযোগে এবার গ্রেফতার খোদ CRPF জওয়ান

পাকিস্তানের হয়ে গুপ্তচরবৃত্তির অভিযোগে এবার ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সি-র জালে এক সিআরপিএফ জওয়ান। ধৃত জওয়ান পাকিস্তানে গোপন তথ্য পাচার করেছেন বলে অভিযোগ। ধৃতের নাম মোতিরাম জাঠ। ২০২৩ সাল থেকে ওই জওয়ান পাকিস্তানের হয়ে গুপ্তচরবৃত্তি করছেন বলে N I A জানিয়েছে। গুপ্তচরবৃত্তির জন্য পাকিস্তান থেকে তাঁর কাছে টাকাও আসত।গত ২২ এপ্রিল পহেলগাঁওয়ের বৈসরনে পর্যটকদের উপর হামলা চালিয়ে ২৬ জনকে হত্যা করে জঙ্গিরা। তার জবাব দিয়ে ১৫ দিনের মাথায় পাকিস্তান ও পাক অধিকৃত কাশ্মীরের ৯টি জায়গায় আঘাত হানে ভারতীয় সেনা। একাধিক জঙ্গিঘাঁটি গুঁড়িয়ে দেয়। এরপরই বিনা প্ররোচনায় সীমান্তে গোলাবর্ষণ করে পাকিস্তান সেনা। যোগ্য জবাব দেন ভারতীয় জওয়ানরা। দুই দেশের মধ্যে সংঘাতের আবহ বাড়ে। গত ১০ মে পাকিস্তান সেনার ডিজিএমও ফোন করেন ভারতীয় সেনার ডিজিএমও-কে। দুই দেশ সংঘর্ষবিরতিতে সম্মত হয়। ভারতের কাছে পাকিস্তান মাথা নত করার পর কয়েকদিন পরই জ্যোতি মালহোত্রা-সহ একাধিক পাকচর পুলিশের জালে ধরা পড়ে। সেই তালিকায় এবার উঠে এল সিআরপিএফ জওয়ানের নাম।পাকিস্তানের হয়ে গুপ্তচরবৃত্তির অভিযোগে কিছুদিন আগে হরিয়ানার ইউটিউবার জ্যোতি মালহোত্রাকে হিসার থেকে গ্রেফতার করা হয়ে। তারপর আরও কয়েকজনকে গ্রেফতার করা হয়েছে। পাকিস্তানের সঙ্গে ভারতের সম্পর্কের টানাপোড়েনের মাঝেই গুপ্তচরবৃত্তির অভিযোগে পঞ্জাব, হরিয়ানা এবং উত্তর প্রদেশ থেকে তাঁদের ধরা হয়।

সেই তালিকায় এবার নতুন সংযোজন সিআরপিএফ জওয়ান মোতিরাম জাঠ। তবে মোতিরাম একজন সেনা জওয়ান হয়ে পাকিস্তানের হয়ে গুপ্তচরবৃত্তি করায় সেনাও বিষয়টি খতিয়ে দেখছে।

NIA-র তরফে এক বিবৃতিতে বলা হয়েছে, "২০২৩ সাল থেকে পাকিস্তানের হয়ে গুপ্তচরবৃত্তিতে যুক্ত এই সিআরপিএফ জওয়ান। জাতীয় নিরাপত্তার সঙ্গে জড়িত গোপন তথ্য তিনি পাকিস্তানের ইন্টেলিজেন্স অফিসারদের পাচার করতেন। এর জন্য পাকিস্তান থেকে ফান্ডও পেতেন ওই জওয়ান।" বিবৃতিতে আরও বলা হয়েছে, "দিল্লি থেকে ওই জওয়ানকে গ্রেফতার করা হয়েছে। পাতিয়ালা হাউস কোর্টের বিশেষ আদালতে তাঁকে তোলা হয়। আগামী ৬ জুন পর্যন্ত মোতিরাম জাঠকে N I A হেফাজতে রাখার নির্দেশ দিয়েছে আদালত। ধৃতকে জেরা করা হচ্ছে।"

# কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



মৃত্যুঞ্জয় সরদার
(উনচল্লিশতম পর্ব)



থেকে তৈরি নয়টি সলতে দিয়ে একটি মাটির প্রদীপ মা লক্ষ্মীর পট বা প্রতিমার সামনে জ্বাললে তা গৃহে প্রাচুর্যের সমাহার ঘটায়। এছাড়া টানা ৩০ দিন ধরে মা লক্ষ্মীর প্রতিমা বা পটের সামনে নিষ্ঠাভরে শ্রী সুক্ত পাঠ করলে বিশেষ প্রসন্ন হন দেবী। শ্রী সুক্ত হল ১৫টি ভার্সের একটি সম্মেলন। প্রতিদিন মা লক্ষ্মীর প্রতিমা বা পটের সামনে দু'টি ঘিয়ের প্রদীপ জ্বালালে তা মঙ্গল। এর সঙ্গে পদ্ম, নারকেল ও ক্ষীরের নৈবেদ্য দিলে প্রসন্ন হন দেবী।ঠাকুরঘরে বা ঠাকুরের সিংহাসনে কড়ি এবং শঙ্খ রাখা খুবই শুভ গৃহের কল্যাণের জন্য।লক্ষী পুজোর

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# অমাবস্যা তিথিতে দেবী কামাখ্যার মন্দিরে পুজো দিলেন গৌতম গম্ভীর



বেবি চক্রবর্ত্তী

ভারতীয় ক্রিকেট দলের প্রধান কোচ গৌতম গম্ভীর আজ, ২৬ মে ২০২৫, গুয়াহাটির বিখ্যাত কামাখ্যা মন্দিরে পুজো দেন। ইংল্যান্ডের বিরুদ্ধে আসন্ন পাঁচ ম্যাচের টেস্ট সিরিজের আগে মায়ের আশীর্বাদ নিতে তিনি এই তীর্থস্থানে যান ।

গম্ভীরের এই মন্দির দর্শন ছিল সংক্ষিপ্ত কিন্তু তাৎপর্যপূর্ণ। সকালেই গুয়াহাটিতে পৌঁছে তিনি সরাসরি নীলাচল পাহাড়ে অবস্থিত কামাখ্যা মন্দিরে যান এবং সেখান থেকে দুপুরে দিল্লির উদ্দেশ্যে রওনা দেন ।

কামাখ্যা মন্দির ভারতের অন্যতম প্রাচীন ও শ্রদ্ধেয় শক্তিপীঠ, যা তন্ত্রসাধনা ও অম্বুবাচী মেলার জন্য বিখ্যাত। গম্ভীরের এই আধ্যাত্মিক যাত্রা দলের মনোবল বৃদ্ধির পাশাপাশি তার নতুন কোচিং অধ্যায়ের শুভ সূচনা হিসেবে বিবেচিত হচ্ছে ।

ইংল্যান্ড সফরে ভারতের প্রথম টেস্ট ম্যাচ অনুষ্ঠিত হবে ২০২৫ সালের জুন মাসে, যেখানে রোহিত শর্মা ও বিরাট কোহলির অবসরের পর নতুন নেতৃত্বে দল মাঠে নামবে

## সতীপীঠের অন্যতম কামাখ্যা



-: মৃত্যুঞ্জয় সরদার :-


সেই শিলালিপি থেকে প্রমাণিত হয় খ্রিস্টীয় অষ্টম থেকে নবম শতাব্দীতে সেখানে একটি বিশাল মন্দির ছিল। জনশ্রুতি অনুসারে সুলেমান কিরানির ১৫৬৬ থেকে ১৫৭২ খ্রিস্টাব্দ সেনাপতি কালাপাহাড় এই মন্দির ধ্বংস করেছিলেন। ক্রমশঃ

## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# ভারতে কোভিডের উর্ধ্বগতি

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**



**দিল্লী:-** দেশে ফের একবার করোনাভাইরাসের সংক্রমণ ঊর্ধ্বমুখী। সোমবার কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের দেওয়া তথ্য অনুযায়ী, বর্তমানে দেশে সক্রিয় কোভিড আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ১,০০৯। এক সপ্তাহ আগেও, ১৯ মে তারিখে এই সংখ্যা ছিল মাত্র ২৫৭। সবচেয়ে বেশি সংক্রমণ দেখা গিয়েছে কেরল, তামিলনাড়ু ও মহারাষ্ট্রে।

স্বাস্থ্য মন্ত্রকের তরফে জানানো হয়েছে, সম্প্রতি ভারতে দু'টি নতুন কোভিড সাবভ্যারিয়েন্ট শনাক্ত হয়েছে — NB.1.8.1 ও LF.7। এপ্রিল মাসে তামিলনাড়ুতে NB.1.8.1-এর একটি কেস ধরা পড়ে, আর মে মাসে LF.7-এর চারটি কেস শনাক্ত হয়। বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) এই দুটি সাবভ্যারিয়েন্টকে 'Variant Under Monitoring' (VUM) শ্রেণিতে রেখেছে। অর্থাৎ, এগুলি এখনও 'Variant of Concern' (VOC) বা 'Variant of Interest' (VOI) হিসেবে বিবেচিত নয়।

বিশেষজ্ঞরা মনে করছেন, এই নতুন ভ্যারিয়েন্টগুলিই এশিয়ার কিছু অংশে, বিশেষত চীন, সিঙ্গাপুর ও হংকং-এ সাম্প্রতিক কোভিড বৃদ্ধির জন্য দায়ী। ভারতের ক্ষেত্রেও একই প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে। যদিও এখন পর্যন্ত দেশে বেশিরভাগ আক্রান্তই মৃদু উপসর্গে ভুগছেন এবং বাড়িতে থেকেই সুস্থ হয়ে উঠছেন।

দেশজুড়ে COVID-19 পর্যবেক্ষণের জন্য Integrated Disease Surveillance Programme (IDSP) এবং ICMR-এর রেসপিরেটরি ভাইরাস সেন্টিনেল নেটওয়ার্ক সক্রিয়ভাবে কাজ করছে। এই প্রসঙ্গে স্বাস্থ্য মন্ত্রক জানিয়েছে, "আমরা পরিস্থিতির উপর কড়া নজর রাখছি। জাতীয় ও আন্তর্জাতিক স্তরে সংক্রমণের গতিবিধি খতিয়ে দেখা হচ্ছে।"

মন্ত্রকের পক্ষ থেকে আরও জানানো হয়েছে, "সিঙ্গাপুর, হংকং সহ কয়েকটি দেশে সংক্রমণ বাড়লেও সেখানকার জাতীয় কর্তৃপক্ষের তরফে জানানো হয়েছে, নতুন ভ্যারিয়েন্টগুলি পূর্ববর্তী ভ্যারিয়েন্টগুলির তুলনায় বেশি ছোঁয়াচে বা প্রাণঘাতী নয়।"

যদিও সংক্রমণের হার উদ্বেগজনকভাবে বাড়ছে, তবে স্বস্তির খবর এই যে, বর্তমানে শনাক্ত হওয়া অধিকাংশ কেসই মৃদু। তবে স্বাস্থ্য বিশেষজ্ঞরা বলছেন, সচেতনতা ও সতর্কতাই এখন একমাত্র হাতিয়ার। নিয়মিত হাত ধোওয়া, মাস্ক পরা এবং জনসমাগম এড়ানো — এই পুরনো অভ্যাসগুলোই আবার ফিরিয়ে আনার সময় এসেছে।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |




# পুরীর সমুদ্রে উল্টে গেল বোট, চমকে ওঠার মতো দুর্ঘটনা! অল্পের জন্য প্রাণে বাঁচলেন সিএবি সভাপতি স্নেহাশিস গাঙ্গুলি



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

এক অনভিপ্রেত ও চাঞ্চল্যকর ঘটনার সাক্ষী থাকল ওড়িশার পুরী সমুদ্রতট। বিশ্রাম ও অবকাশ যাপনের উদ্দেশ্যে সমুদ্রে বেড়াতে গিয়ে দুর্ঘটনার কবলে পড়লেন ক্রিকেট অ্যাসোসিয়েশন অফ বেঙ্গল (CAB)-এর সভাপতি স্নেহাশিস গাঙ্গুলি। রবিবার সকালে তিনি ও তাঁর পরিবার একটি বোটে সমুদ্রভ্রমণে বের হলে আচমকা সমুদ্রে প্রবল ঢেউয়ের ধাক্কায় বোটটি উল্টে যায়। মুহূর্তেই আতঙ্ক ছড়িয়ে পড়ে উপস্থিত পর্যটকদের মধ্যে।

দুর্ঘটনার সময় বোটে থাকা প্রত্যেকেই ছিলেন আতঙ্কিত। তবে দ্রুত সক্রিয় হন স্থানীয় নৌসেনা কর্মী ও উদ্ধারকারী দল। তাদের তৎপরতায় অল্পের জন্য প্রাণে বাঁচেন স্নেহাশিস গাঙ্গুলি ও তার পরিবার। প্রত্যেককেই তড়িঘড়ি উদ্ধার করে নিরাপদ স্থানে নিয়ে আসা হয়। জানা গেছে, কারোরই বড়সড় শারীরিক ক্ষতি হয়নি, তবে মানসিকভাবে সকলে বেশ ধাক্কা খেয়েছেন।

ঘটনার পরে স্নেহাশিস গাঙ্গুলিকে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয় এবং বর্তমানে তিনি সম্পূর্ণ সুস্থ আছেন বলে জানা গিয়েছে। তাঁর পরিবারের তরফ থেকেও জানানো হয়েছে, এই দুর্ঘটনা থেকে অল্পের জন্য বড় বিপদ এড়ানো গেছে।

এই ঘটনার পর পুরী প্রশাসনের ভূমিকা ও নিরাপত্তা ব্যবস্থা নিয়ে প্রশ্ন উঠেছে। পর্যটকদের জন্য এমন সমুদ্রভ্রমণে নিরাপত্তা কতটা নিশ্চিত, তা নিয়ে চিন্তিত অনেকেই। প্রশাসনের তরফে জানানো হয়েছে, বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে এবং প্রয়োজনে অতিরিক্ত সতর্কতা নেওয়া হবে।

উল্লেখ্য, স্নেহাশিস গাঙ্গুলি শুধুমাত্র প্রাক্তন ক্রিকেটারই নন, তিনি বর্তমানে CAB-র সভাপতি হিসেবে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করছেন। তাঁর এই দুর্ঘটনার খবরে রীতিমতো উদ্বিগ্ন হয়ে পড়েন রাজ্য ও দেশের ক্রীড়ামহল।

# আমি বেশিদিন নেই! ভারতই বাংলাদেশকে শেষ করবে: ইউনূস

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**



সম্প্রতি প্রধান উপদেষ্টা পদ থেকে পদত্যাগ করতে চেয়েছিলেন মুহাম্মদ ইউনূস । কিন্তু সহকারী দলগুলোর সমর্থনে তিনি পদত্যাগ করেননি। তবে অন্তর্বর্তী সরকারের মেয়াদ আগামী বছরের জুন পর্যন্ত সীমাবদ্ধ থাকবে বলে স্পষ্ট জানিয়ে দিয়েছেন প্রধান উপদেষ্টা ড.মুহাম্মদ ইউনূস।মান্না আরো বলেন, "তার পদত্যাগ নিয়ে কী হয়েছিল, তা আমাদের জানান। আমরা বলেছি, পুরো জাতি আপনার পদত্যাগ চায় না। নির্বাচনটা কবে হবে এবং কীভাবে হবে তা আমরা জানতে চেয়েছি। উনি স্পষ্ট করে বলেছেন, যদি কম সংস্কার হয় তবে ডিসেম্বর, আর যদি বেশি সংস্কার হয়, তবে জুনে নির্বাচন। জুনের পর কোনোভাবে এটা গড়াবে না। আমি তাদের লিখে দিতে চাই, আমি কোনোভাবেই ক্ষমতা বৃদ্ধি করতে চাই না। অন্তর্বর্তী সরকার এর বেশি ক্ষমতা দীর্ঘায়িত করতে চায় না।"

রবিবার ১০টি রাজনৈতিক দলের নেতাদের সঙ্গে বৈঠকে এ বার্তা দেন তিনি। পরে সাংবাদিকদ বৈঠকে এ তথ্য জানান বৈঠকে উপস্থিত থাকা নাগরিক ঐক্যের সভাপতি মাহমুদুর রহমান মান্না। তিনি বলেন, "প্রধান উপদেষ্টা কোনওভাবেই তার ক্ষমতা দীর্ঘায়িত করতে চান না এবং তিনি অন্তর্বর্তী সরকারের সময় আর বাড়াতে চান না। এপ্রিলের পর নির্বাচন বিলম্বিত হওয়ার কোনও সম্ভাবনা নেই বলেও তিনি জানান।"

মাহমুদুর রহমান মান্না বলেন, "আমার কাছে মনে হয়েছে, আমি এতদিন যা করেছি তা সবই ব্যর্থ হয়ে যাবে; যদি না সবাই আমার সঙ্গে একমত হন- এরকম ধারণা প্রধান উপদেষ্টার ছিল। তখন আমরা তাকে বুঝিয়েছি যে, আপনার বেশি করে রাজনৈতিক দলগুলোর সঙ্গে আলাপ করতে হবে, কথা বলতে হবে, মতবিনিময় করতে হবে। আপনি কেমন করে নির্বাচন করতে চান তা সবার সঙ্গে শেয়ার করবেন। আপনার সে ক্ষেত্রে দেখতে হবে কোনটা সংস্কার না করলেই নয়, সে ক্ষেত্রে যদি সময়ক্ষেপণ হয় নির্বাচন বিলম্ব হবে।"

তবে নির্বাচন এপ্রিলের পর কোনোভাবেই আর গড়াবে না বলে উপদেষ্টা আশ্বস্ত করেছেন বলেও জানান মাহমুদুর রহমান মান্না। সংস্কার বিষয়ে প্রধান উপদেষ্টার সঙ্গে কী আলোচনা হয়েছে জানতে চাইলে মান্না বলেন, "আমরা সংস্কারের বিষয়ে কিছু বলছি না, আমরা শুধু চাই একটি সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন। প্রধান উপদেষ্টা আমাদের জানিয়েছেন, ভারতীয় আধিপত্যবাদ আমাদের ধ্বংস করে দিতে চায়। এজন্য পুরো জাতির ঐক্যবদ্ধ হওয়া দরকার। সব রাজনৈতিক দলগুলোকে ঐক্যবদ্ধ হওয়া দরকার। কিন্তু এই ঐক্য দিন দিন দুর্বল হচ্ছে, এ জন্য তিনি কিছুটা হতাশ। এই অবস্থায় আমরা সবাই এক থাকব বলে জানিয়েছি। আমাদের মধ্যে মতপার্থক্য থাকবে, কিন্তু প্রধান জাতীয় ইস্যুতে আমরা ঐক্যবদ্ধ থাকব। তিনি মোটামুটিভাবে আশ্বস্ত হয়েছেন।"

# ‘আমাদের নম্রতাকে দুর্বলতা ভেবে ভুল করবেন না...’, সিওল থেকে পাকিস্তানকে সাফ বার্তা অভিষেকের

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**




সিওল: আমাদের নম্রতাকে দুর্বলতা ভাবলে, তা ভুল হবে। দক্ষিণ কোরিয়ায় ভারতের অপারেশন সিঁদুরের সাফল্য প্রসঙ্গে এমনটাই বললেন তৃণমূল সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়। জাপান হয়ে এই দেশে পৌঁছেছে ভারত সরকারের একটি প্রতিনিধি দল। কেন্দ্রের উদ্যোগেই বিশ্বের নানা দেশে অপারেশন সিঁদুরের প্রয়োজনীয়তা ও গুরুত্ব বোঝাতে গিয়েছে সরকারের একাধিক প্রতিনিধি দল।

সোমবার দক্ষিণ কোরিয়ায় একটি বৈঠকে যোগ দিয়েছিলেন অভিষেক। সেখানে পাকিস্তানের বিরুদ্ধে সন্ত্রাসে মদত দেওয়ার অভিযোগ তোলেন তিনি। তৃণমূল সাংসদের কথায়, ‘ভারতের প্রত্যাঘাতে নিহত জঙ্গিদের শেষ কৃত্যে যাদের দেখা গেল, তারা কেউ সামান্য পাক জওয়ান নয়। সেনা প্রধান ও সেনার নানা বিভাগের কর্তা। পাকিস্তান যে সন্ত্রাসে সরাসরি মদত জোগায়, এই ঘটনার পর তা কার্যত স্পষ্ট।’

অভিষেকের সংযোজন, ‘পহেলগাঁও হামলার ২৪ ঘণ্টা পর TRF হামলার দায় স্বীকার করে। এই TRF কারা? এরা হল লস্কর-ই-তৈবার ছায়া সংগঠন। আর সেই লস্কর-জইশদের যখন ভারত মারল, তখন ওদেরই শেষ কৃত্যে গিয়ে হাজির হল পাক সেনাকর্তা ও প্রধানরা।’

উল্লেখ্য, ভারত সংযমী, নম্রতায় বিশ্বাসী। হাজার প্রমাণ থাকা সত্ত্বেও পাকিস্তানের বিরুদ্ধে যুদ্ধে নামেনি। বরং, তাদের দেশের মধ্যে থাকা জঙ্গিঘাঁটিগুলি নষ্ট করেছে। সিঁদুরের পর ঠিক এমনটাই দাবি করেছিল, সেনা থেকে প্রধানমন্ত্রী। সোমবারও দক্ষিণ কোরিয়া দেওয়া ভাষণে অভিষেকের মুখে শোনা গেল ওই একই কথা। তিনি বলেন, ‘আমাদের প্রত্যেককেই সংগঠিত ভাবে লড়াই করতে হবে। বিশ্ব থেকে সন্ত্রাসকে দূর করতে হবে। আমরা কোনও রকমের যুদ্ধ চাই না। অশান্তি চাই না। কিন্তু আমাদের নম্রতাকেও দুর্বলতা ভেবে ভুল করবেন না।’

(২ পাতার পর)

# আমানাহ ফাউন্ডেশনের নতুন অফিস উদ্বোধন

থেকেই সমাজসেবা করে আসছি। কিন্তু এখন এই সামাজিক কাজটি একটি ব্যানারের মাধ্যমে করা হবে এবং দরিদ্ররা এর সুবিধা পাবে। আমরা চাই চিকিৎসা ও স্বাস্থ্য ক্ষেত্রে কাজ করার পাশাপাশি, বৃদ্ধাশ্রম এবং এতিমখানাগুলিতে যতটা সম্ভব কাজ করা উচিত। যাতে সমাজের যে অংশটি এর থেকে অনেক দূরে, তারা উপকৃত হতে পারে। তিনি আরও বলেন, যদি আপনি আমানাহ ফাউন্ডেশনে যোগ দিতে চান, তাহলে অবশ্যই এই মহৎ কাজে যোগদান করুন এবং যদি কোনও অভাবী ব্যক্তি আমাদের সাথে যোগাযোগ করেন তবে তাকে অবশ্যই সাহায্য করা হবে।

# সিনেমার খবর

## অভিনেতা হয়েও যেভাবে ভারতীয় সেনাবাহিনীতে যোগ দেন নানা পাটেকর

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন



বলিউডের জনপ্রিয় অভিনেতা নানা পাটেকর। প্রথম থেকেই তিনি তার অভিনয়গুণে প্রশংসিত। তবে জানেন কি, পর্দায় নানা চরিত্রে ঝড় তোলা এই অভিনেতা একটা সময় ভারতীয় সেনাবাহিনীর অংশ ছিলেন? শুনতে অবিশ্বাস্য লাগলেও এটাই সত্যি। নানা পাটেকর তখন 'প্রহর' সিনেমায় একজন সেনা অফিসারের চরিত্রে অভিনয় করছেন। কিন্তু তিনি শুধু অভিনয়েই থেমে থাকতে চাননি। সেই চরিত্রকে বাস্তবায়িত করতে তিনি তিন বছর ধরে 'মারাঠা লাইট ইনফ্যান্ট্রি'র সঙ্গে সত্যিকারের মিলিটারি ট্রেনিং নিয়েছিলেন। তখনই তার মনে হয়— অভিনয় তো করছি, কিন্তু দেশের জন্য সত্যি কিছু করা উচিত!

এরপরই তিনি স্থির করে বসেন, কার্গিলে যাবেন। ১৯৯৯ সালের কার্গিল যুদ্ধ। পুরো দেশ তখন উত্তাল। সেই সময় নানা আর থেমে থাকতে পারেননি। তিনি সেনাবাহিনীতে যোগ দেওয়ার জন্য আবেদন করেন। শুরুতে সেনাবাহিনী এবং প্রতিরক্ষা মন্ত্রক স্পষ্ট 'না' জানিয়ে দেয়। কিন্তু নানা হাল ছাড়েন না। তিনি নিজের প্রশিক্ষণের অভিজ্ঞতার কথা জানান, জানান তিনি জাতীয় স্তরের শ্যুটারও ছিলেন।

অবশেষে তৎকালীন প্রতিরক্ষামন্ত্রী জর্জ ফার্নান্ডেজকে ফোন করেন তিনি। নিজের ইচ্ছা আর প্রস্তুতির কথা জানাতেই মন্ত্রী অবাক হয়ে জিজ্ঞেস করেন— তুমি কবে যেতে চাও? এরপরই নানা পাটেকরকে অনারারি ক্যাপ্টেন হিসেবে সেনাবাহিনীতে নিয়োগ করা হয়।

নানা নিজের ইউনিফর্ম পরে দ্রাস, কুপওয়ারা, বারামুল্লা, সোপরের মতো যুদ্ধবিধ্বস্ত এলাকায় সেনাদের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে টহল দেন। তিনি সেনা হাসপাতালেও কাজ করেন, সাহায্য করেন আহত সৈনিকদের। অভিনেতা হলেও তিনি কখনো পিছু ফিরে আসেননি। তিনি বলেন, শ্রীনগরে যাওয়ার সময় ওজন ছিল ৭৬ কেজি, ফিরে আসার সময় ছিল মাত্র ৫৬ কেজি। কিন্তু মন ভরে গিয়েছিল গর্বে।

এই অভিজ্ঞতার পর তাকে লেফটেন্যান্ট কর্নেলের সম্মানও দেওয়া হয়। পরে ফিরে এসে তিনি শুধু অভিনয়ই করেননি, NAAM ফাউন্ডেশন তৈরি করে কৃষকদের সাহায্যও করেছেন।

## ভেঙে ফেলা হতে পারে মিঠুন চক্রবর্তীর মহারাষ্ট্রের বাড়ি



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

টলিউড অভিনেতা মিঠুন চক্রবর্তীর বিরুদ্ধে অবৈধভাবে বাড়ির সংস্কারের অভিযোগ উঠেছে। জানা গেছে, মহারাষ্ট্রের মালাড মাধ এলাকার এরাঙ্গল গ্রামে তারকার যে বাড়িটি রয়েছে, সেখানে অবৈধ ভাবে সংস্কার করা হয়েছে।

বিষয়টি জানাজানি হয়েছে গতকাল শনিবার। এ দিনই মিঠুন অবৈধভাবে ভবন সংস্কারের প্রসঙ্গ অস্বীকার করেছেন। জানা গেছে, মিঠুন একা নন, অনেকের কাছেই এই নোটিশ পৌঁছেছে। আপাতত তারকা আইনি পথে উত্তর দেওয়ার প্রস্তুতি নিচ্ছেন।

এর আগে, ১০ মে জারি করা নোটিশে কর্তৃপক্ষ জানিয়েছিল, সম্পত্তি সংস্কারের বৈধ ব্যাখ্যা দিতে হবে মিঠুনকে। উত্তর সন্তোষজনক না হলে উক্ত নির্মাণ ভেঙে দিতে পারে প্রশাসন। আইনি পদক্ষেপও নেওয়া হবে অভিনেতার বিরুদ্ধে।

কেন ওই নির্মাণ একেবারে ভেঙে ফেলা বা পুনঃসংস্কার করা হবে না আইন মোতাবেক তার ব্যাখ্যা চাওয়া হয় মিঠুনের কাছে। বলা হয়, প্রয়োজনীয় অনুমতি ছাড়াই ওই জমির উপর ভবন নির্মাণ করা হয়েছে। ১৮৮৮ সালের বৃহন্মুম্বই মিউনিসিপাল কর্পোরেশন আইন অনুযায়ী ৩৩৭, ৩৪২, ৩৪৭ ধারায় মামলা হতে পারে মিঠুনের বিরুদ্ধে।

## ২০ কোটি টাকার পারিশ্রমিক হাঁকিয়ে ফিরছেন দীপিকা

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন



মাতৃত্বকালীন ছুটি কাটিয়ে ভারতের হিন্দি সিনেমার অভিনেত্রী দীপিকা পাড়ুকোন ফের পর্দায় ফিরছেন। তবে ফেরার যাত্রায় তিনি বিশাল অংকের পারিশ্রমিক তিনি হাঁকিয়েছেন।

ইন্ডিয়া টুডে লিখেছে, 'অ্যানিমাল' সিনেমার পরিচালক সন্দীপ রেড্ডি ভাঙ্গার নতুন সিনেমা 'স্পিরিট' এ দীপিকা আসছেন। এই সিনেমার জন্য তিনি পারিশ্রমিক নিচ্ছেন প্রায় ২০ কোটি টাকা। আর এই ঘটনা ঘটলে এটি হবে দীপিকার ক্যারিয়ারের সর্বোচ্চ পারিশ্রমিক।

'স্পিরিটে' দীপিকার নায়ক হবেন দক্ষিণের সুপারস্টার প্রভাস। এর আগে, দীপিকাকে প্রভাসের সঙ্গে দেখা গেছে 'কল্কি ২৮৯৮ এডি' সিনেমায়। গত বছর সেপ্টেম্বরে কন্যাসন্তানের মা হয়েছেন দীপিকা। এরপর থেকে মেয়ে দুয়া সিং পাড়ুকোনকে নিয়ে ব্যস্ততা গেছে দীপিকার।

এখন পর্যন্ত বলিউডে শীর্ষ নায়িকাদের পারিশ্রমিক ১০ থেকে ১৫ কোটি টাকার মধ্যে থাকে। আলিয়া ভাট, রাশমিকা মানদানা ও প্রিয়াঙ্কা চোপড়া রয়েছেন সর্বোচ্চ পারিশ্রমিক পাওয়া অভিনেত্রীদের তালিকায়। সেখানে দীপিকার '২০ কোটির' পারিশ্রমিকের খবর আলোচনা তৈরি করেছে।

উল্লেখ্য, চলতি বছরের জুন-জুলাইয়ের মধ্যে অ্যাকশনে ভরপুর 'স্পিরিট' সিনেমার শুটিং শুরু হওয়ার কথা রয়েছে।

# ভিলার পর মার্তিনেজের পরবর্তী গন্তব্য কোথায়?

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

অ্যাস্টন ভিলা ছাড়ছেন এমিলিয়ানো মার্তিনেজ। ভিলা পার্কের সবশেষ ম্যাচে সেটি অনেকটাই নিশ্চিত হয়ে গিয়েছে। চোখের জলে সমর্থকদের বিদায় জানিয়েছেন আর্জেন্টিনার বিশ্বকাপজয়ী গোলরক্ষক। এতে স্পষ্ট হয়েছে যে, ৫ বছর পর বার্মিংহামের ক্লাব ছাড়তে চলেছেন দুইবারের ফিফার বর্ষসেরা এই গোলরক্ষক।



ভিলা ছাড়ার পর এমিলিয়ানোর পরবর্তী গন্তব্য ঠিক কোথায়? এমিলিয়ানোর পরবর্তী গন্তব্য কোথায় হতে পারে তা নিয়ে নির্দিষ্ট করে কিছু বলতে পারেনি ইংল্যান্ড কিংবা আর্জেন্টিনার গণমাধ্যম।

আর্জেন্টিনার ওলে, ডি স্পোর্টস রেডিও কিংবা সাংবাদিক লাতিন সাংবাদিক ফার্নান্দো চেজ জানিয়েছেন, বার্সেলোনা আর ম্যানচেস্টার ইউনাইটেডের কাছ থেকে বড় রকমের প্রস্তাব পেয়েছেন মার্তিনেজ। যদিও এই খবর ঠিক কতটা বাস্তব তা বলা মুশকিল।

টিওয়াইসি স্পোর্টসের সাংবাদিক গ্যাস্টন এদুল দিনদুয়েক আগেই জানিয়েছিলেন, সৌদি প্রো লিগের ক্লাবগুলো এমিলিয়ানোকে পেতে আগ্রহী। কিন্তু প্রস্তাব ফিরিয়ে দিয়েছেন আর্জেন্টাইন গোলরক্ষ। এখনো ইউরোপের শীর্ষ পর্যায়ের ফুটবল খেলতে আগ্রহী তিনি। আর্জেন্টিনার গণমাধ্যমের খবর বলছে, ইংল্যান্ডের বার্মিংহামে সুখেই আছেন এমি এবং তার পরিবার। সহসাই তাই ইউরোপ ছাড়ার পরিকল্পনা নেই তার।

এদুলের তথ্য বলছে, এমিলিয়ানোকে পেতে আগ্রহী বড় ক্লাব দুটো। এর একদিন পরেই ডি স্পোর্টসের পক্ষ থেকে জানানো হয়, আগ্রহী দুই ক্লাব নাকি বার্সেলোনা ও ম্যানচেস্টার ইউনাইটেড। অবশ্য এই মৌসুমে ভয়চেক শেজনিকে নিয়ে দারুণ সময় পার করেছে বার্সেলোনা। কদিন আগেই দীর্ঘ ইনজুরি কাটিয়ে আবার মাঠে ফিরেছেন দলের নিয়মিত গোলরক্ষক মার্ক আন্দ্রে টের স্টেগান।

আবার এবারের মৌসুমে ইউরোপা লিগে অপরাজিত থাকলেও ঘরোয়া লিগে বাজে সময় পার করেছে ম্যানচেস্টার ইউনাইটেড। সবশেষ ঘরের মাঠে টানা ৮ ম্যাচ হারের লজ্জাজনক রেকর্ডও করেছে তারা। এমন অবস্থায় নতুন মৌসুমের জন্য দল গোছাতে এমি মার্তিনেজের দিকে হাত বাড়াবে কিনা তা একটা বড় প্রশ্ন। বর্তমানে, দলটির প্রধান গোলরক্ষকের ভূমিকায় আছেন আন্দ্রে ওনানা।

তবে, আপাতত নিজের নতুন ক্লাবের সন্ধানে আছেন এমিলিয়ানো মার্তিনেজ। সেটা অবশ্য কোথায় হবে, তা নিয়ে ধোঁয়াশা সহসা কাটছে না।

## বিদায়ী ম্যাচে মুলারকে দুর্দান্ত জয় উপহার দিল বায়ার্ন



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

জার্মানির বুন্ডেসলিগার চ্যাম্পিয়ন হিসেবে মৌসুম শেষ করল বায়ার্ন মিউনিখ। হফেনহেইমের বিপক্ষে ম্যাচটি আরেক কারণেও বিশেষ। এটিই জার্মান চ্যাম্পিয়নদের জার্সিতে টমাস মুলারের শেষ ম্যাচ।

হফেনহাইমকে তাদের মাঠেই ৪-০ গোলে হারিয়ে ক্লাব কিংবদন্তিকে দারুণ এক বিদায়ী উপহার দিল ঐতিহ্যবাহী ক্লাবটি।

ম্যাচের ৩৩তম মিনিটে ফরাসি তারকা মাইকেল ওলিস চমৎকার এক ফ্রি-কিকে গোল করে এগিয়ে দেন বায়ার্নকে। দ্বিতীয়ার্ধের শুরুতে হফেনহাইমের ক্রোয়েট তারকা আন্দ্রেজ ক্রামারিচ ম্যানুয়েল নয়্যারের সঙ্গে একান্ত সুযোগ পেয়েও গোল করতে ব্যর্থ হন। এরপরেই ম্যাচের নিয়ন্ত্রণ নেয় বায়ার্ন। জশুয়া কিমিচের কাছাকাছি দূরত্ব থেকে নেওয়া শট প্রতিপক্ষ ডিফেন্ডারে লেগে জালে জড়ালে ব্যবধান দ্বিগুণ হয়। এরপর সার্জ নাব্রির দৃষ্টিনন্দন লো শটে এবং হ্যারি কেনের ২৬তম লিগ গোলের মাধ্যমে স্কোরলাইন ৪-০ হয়।

হ্যারি কেনের পুরনো সতীর্থ এরিক ডায়ারও শেষবারের মতো বায়ার্নের জার্সি গায়ে মাঠে নামেন—গ্রীষ্মে ফ্রি ট্রান্সফারে যার মোনাকোতে যোগ দেওয়া নিশ্চিত। ম্যাচের শেষ দিকে বদলি হিসেবে মাঠে নামেন লেরয় সানে, যাকে নিয়েও গ্রীষ্মকালীন দলবদলের গুঞ্জন চলছে।

চ্যাম্পিয়ন বায়ার্ন মিউনিখ ১৩ পয়েন্টের ব্যবধানে লিগ শেষ করেছে, দ্বিতীয় স্থানে থাকা বায়ার লেভারকুসেনকে পেছনে ফেলে। হফেনহাইম হারলেও অবনমন-প্লে-অফ অঞ্চলের বাইরে থেকে লিগ শেষ করতে পেরেছে।

## প্লে-অফের আগে বড় ধাক্কা পাঞ্জাব কিংসে, ছিটকে গেলেন চাহাল

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

প্লে-অফের আগে বড় ধাক্কা খেল পাঞ্জাব কিংস। দলের মূল স্পিনার যুজবেন্দ্র চাহাল চোটের কারণে ছিটকে গেলেন মুম্বাই ইন্ডিয়ান্সের বিরুদ্ধে গুরুত্বপূর্ণ ম্যাচ থেকে। তার কব্জিতে চোট রয়েছে বলে জানিয়েছেন দলের সহকারি কোচ সুনীল যোশী।

দিল্লি ক্যাপিটালসের বিরুদ্ধে আগের ম্যাচে চাহাল মাঠে নামেননি, তখন থেকেই তাঁর ফিটনেস নিয়ে চিন্তা তৈরি হয়। সেই সন্দেহই এবার সত্যি হলো। যোশী এক সাক্ষাৎকারে বলেন, 'চাহালের সামান্য চোট রয়েছে, তাই আমরা ওকে বিশ্রাম দিয়েছি।'

১১ বছর পর শ্রেয়াস আইয়ারের নেতৃত্বে অবশেষে প্লে-অফে পৌঁছেছে পাঞ্জাব কিংস। পয়েন্ট তালিকায় তারা এখন তৃতীয় স্থানে রয়েছে, মোট পয়েন্ট ১৭। প্লে-অফে সুবিধাজনক অবস্থানে থাকতে হলে শীর্ষ দুইয়ের মধ্যে থেকে লীগ পর্ব শেষ করতেই হবে। সেই লক্ষ্যেই আজ মুম্বাই ইন্ডিয়ান্সের বিরুদ্ধে নামছে তারা।



তবে এমন গুরুত্বপূর্ণ ম্যাচের আগে চাহালের অনুপস্থিতি নিঃসন্দেহে দলের জন্য বড় ধাক্কা। প্লে-অফেও যদি তিনি খেলতে না পারেন, তাহলে পাঞ্জাবের স্পিন বিভাগে বড় ফাঁক থেকে যাবে। চাহালকে সম্পূর্ণ ফিট করে তোলার জন্য চিকিৎসক এবং টিম ম্যানেজমেন্ট সর্বোচ্চ চেষ্টা চালাচ্ছে।

মুম্বাইকে হারাতে পারলে পাঞ্জাব উঠে যাবে পয়েন্ট তালিকার শীর্ষে। আর তা হলেই তারা প্রথম কোয়ালিফায়ারে খেলার সুযোগ পাবে, যেখান থেকে ফাইনালের পথ অপেক্ষাকৃত সহজ হবে।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR